ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৬৫৫
আগরতলা,০৭ ফেব্রুয়ারি,২০২৫

## রাজ্যে স্কিল উদয় তংনাই কর্মসূচির সূচনা
## যুবাদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে শিল্প স্থাপনে উৎসাহিত করা হচ্ছে ঃ মুখ্যমন্ত্রী





রাজ্য সরকারের লক্ষ্য বিকশিত ও আত্মনির্ভর ত্রিপুরা গড়ে তোলা। এই লক্ষ্যে যুব সম্প্রদায়কে দক্ষতা উন্নয়নের মাধ্যমে শিল্প স্থাপনে উৎসাহিত করা হচ্ছে। আজ নরসিংগড়স্থিত টিআইটি অডিটোরিয়ামে ‘স্কিল উদয় তংনাই’ কর্মসূচির সূচনা করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, এই কর্মসূচিতে রাজ্যের স্কুল এবং কলেজের ৮০ হাজার ছাত্রছাত্রীর ক্ষমতায়ণ, কর্মসংস্থান বৃদ্ধি এবং উদ্যোগী হিসেবে গড়ে তুলতে প্রয়াস নেওয়া হবে। এই কর্মসূচি রাজ্যের যুব সমাজের দক্ষতা উন্নয়নে এক নব যুগের সূচনা করবে। উল্লেখ্য, স্কিল উদয় তংনাই নামটি ইংরেজী, বাংলা ও ককবরক ভাষার সমন্বয়ে তৈরী করা হয়েছে। এর অর্থ হচ্ছে দক্ষতার উদয় ও উদ্বোধন। এই কর্মসূচিতে সমগ্র শিক্ষা প্রকল্পের অধীনে ৯৮৩টি বিদ্যালয়ে ক্যারিয়ার গাইডেন্সের সূচনা হবে। ক্যারিয়ার গাইডেন্সে এই বিদ্যালয়গুলির ৭৫ হাজার ছাত্রীকে সঠিক পেশা নির্বাচনে সক্ষম ও বিভিন্ন ক্ষেত্রে বাধা অতিক্রম করার উপযোগী করে তোলা হবে। তাছাড়া এনএসডিসি একাডেমির মাধ্যমে মার্কেট রেডিনেস কোর্স চালু করা হবে। এই কর্মসূচিতে মুখ্যমন্ত্রী দক্ষতা উন্নয়ন প্রকল্পে এনএসডিসি একাডেমির সহযোগিতায় ৭ হাজার শিক্ষার্থীকে জিএসটি, ইনকাম টেক্স ফাইলিং, সাইবার সিকিউরিটি, ওয়েব ডিজাইনিং, ২-ডি অ্যানিমেশান শিল্পে প্রশিক্ষণ দেওয়া হবে। স্কিল উদয় তংনাই’র অধীনে ইংরেজী, কর্মসংস্থান ও উদ্যোক্তা (ইইই) কর্মসূচিতে রাজ্যের মহাবিদ্যালয়গুলির ১,৬০০ শিক্ষার্থীকে যোগাযোগ দক্ষতা, কর্মসংস্থান ও উদ্যোক্তা গঠনে প্রশিক্ষণ দেওয়া হবে এবং মুখ্যমন্ত্রী দক্ষতা উন্নয়ন প্রকল্পে স্কিল ত্রিপুরা এমআইএস পোর্টাল চাকরি প্রার্থীদের প্রশিক্ষণ কর্মসূচিতে সহায়তা করবে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ক্যারিয়ার গাইডেন্স প্রোগ্রাম, স্কিল ডেভেলপমেন্ট ক্যালেন্ডারের আবরণ উন্মোচন করেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আরও বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উত্তর পূর্বাঞ্চলের উন্নয়নে অ্যাক্ট ইস্ট পলিসি চালু করেছেন। ত্রিপুরাকে দিয়েছেন হীরা মডেল। বর্তমানে রাজ্যে সড়ক, রেল, বিমান এবং ইন্টারনেট পরিষেবার প্রভূত উন্নতি হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী সবসময়ই দক্ষতা উন্নয়নের মাধ্যমে ব্যবহারিক জ্ঞানের উপর বেশি জোর দিয়ে থাকেন। যাতে দেশের যুব সমাজ সমৃদ্ধ ও আত্মনির্ভরশীল দেশ গঠনে সর্বতোভাবে সক্রিয় হয়ে উঠতে পারে। রাজ্যে কোন ক্ষেত্রেই প্রতিভার অভাব নেই। প্রতিভার সঠিক বিকাশের মাধ্যমে রাজ্যকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে সরকার কাজ করে চলছে। মুখ্যমন্ত্রী রাজ্যের শিল্প উন্নয়নে রাবার, আগর, চা-এর মতো প্রাকৃতিক সম্পদকে ব্যবহার করার উপর বিশেষ জোর দেন।

******২য় পাতায়

অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা বলেন, রাজ্যের যুবসমাজকে আত্মনির্ভর করার লক্ষ্যে সরকার এই কর্মসূচি চালু করেছে। এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গঠনে কর্মসূচিটি বিশেষ ভূমিকা গ্রহণ করবে বলে তিনি আশা প্রকাশ করেন। এনইসি এর আর্থিক সহায়তায় সেলাই মেশিন, মাশরুম চাষ, মৌমাছি পালন, ভার্মি কম্পোস্টিং, খাদ্য প্রক্রিয়াকরণ ও সৌর প্যানেল স্থাপনা ইত্যাদির উপর প্রশিক্ষণপ্রাপ্তদের হাতে আনুষ্ঠানিকভাবে বিভিন্ন টুলকিট তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী দক্ষতা উন্নয়ন প্রকল্প সহ বিভিন্ন কর্মসূচির উপর তথ্যচিত্র প্রদর্শিত হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখতে গিয়ে শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে বলেন, জ্ঞানের সাথে স্কিল আবশ্যক। এই বিষয়কে মাথায় রেখে ‘স্কিল-উদয় তংনাই’ প্রকল্প তৈরী করা হয়। এছাড়াও বক্তব্য রাখেন দক্ষতা উন্নয়ন অধিদপ্তরের অধিকর্তা মহম্মদ সাজ্জাদ পি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার। অনুষ্ঠানে দক্ষতা উন্নয়ন কর্মসূচিতে টিআইটিতে ড্রোন প্রযুক্তিতে প্রশিক্ষণপ্রাপ্ত যুবকগণ ড্রোন প্রদর্শনীতে অংশ নেন। ‘স্কিল উদয় তংনাই’ কর্মসূচিতে অংশগ্রহণ করার জন্য skilltripura@gmail.com অথবা ৬০০৯৩৮৪৫৪৮/ ৮৪১৩৯৯৬৩৭৭ এই নম্বরে যোগাযোগ করার জন্য আহ্বান জানানো হয়েছে।

*****